

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৬-০৬-২০২০ তারিখ দৈনিক ইত্তেফাক' এবং দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত পদের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী বিদ্যুৎ বিভাগের বিভিন্ন ক্যাটাগরির ১২টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। ইতোপূর্বে এরূপ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর দেখা গেছে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান চাকুরির প্রলোভন দেখিয়ে বিদ্যুৎ বিভাগের নামে ভুয়া নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে এবং ভুয়া চুক্তিপত্র দেখিয়ে নিরীহ মানুষকে প্রতারণা করে আর্থিক লেনদেনে জড়িত থাকে যা এ বিভাগের নিয়োগ প্রক্রিয়ার সাথে কোন ক্রমেই সংশ্লিষ্ট নয়। নিয়োগের নামে কোনরূপ আর্থিক লেনদেন অবৈধ ও আইনত দণ্ডনীয়। জনসাধারণকে এ জাতীয় বিভাগিতামূলক বিজ্ঞপ্তির প্রলোভনে পড়ে কোনরূপ অর্থ লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো। এ জাতীয় হীন প্রচেষ্টার সাথে জড়িতদের বিষয়ে সুনির্দিষ্ট তথ্যসহ অভিযোগ নিকটস্থ থানায় এবং বিদ্যুৎ বিভাগের টেলিফোন নং-৯৫১৩৩৬৪-তে অথবা ই-মেইলে ([www.powerdivision.gov.bd](http://www.powerdivision.gov.bd)) জানানোর জন্য অনুরোধ করা হলো।

০২। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগের নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ভুয়া প্রলোভনে পড়ে কোনরূপ আর্থিক লেনদেন করলে তার দায়ভার সংশ্লিষ্ট ব্যক্তিকে বহন করতে হবে। বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনভাবেই এ ধরণের লেনদেনের দায়-দায়িত্ব বহন করবে না।

যথাযথ কর্তৃপক্ষ  
বিদ্যুৎ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়